যুগান্তর

তারিখ 06 DEC 2006
পৃষ্ঠা 2 কলাম 2

# ভর্তি ফরম বিক্রির আয় কোটি টাকা মাত্র ১০ শতাংশ যায় খুবি ফান্ডে

খুলনা ব্যুরো

প্রতি বছর ভর্তি ফরম বিক্রির টাকা থেকে বিপুল অংকের টাকা আয় করে থাকেন খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। চলতি ২০০৬-০৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি করে প্রায় ১ কোটি টাকা আয় হয়েছে। প্রতি বছরের মতো এ বছরেও এ ফরম বিক্রির টাকার মাত্র দশ শতাংশ বিশ্ববিদ্যালয় ফান্ডে জমা হবে। অবশিষ্ট টাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বিভিন্ন দায়িত্ব পালনের নামে সম্মানী হিসেবে ...

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ভর্তি ফরমের মূল্যবৃদ্ধি করা হলেও তা প্রকৃতপক্ষে বিশ্ববিদ্যালয় পাচ্ছে না।

জানা যায়, দেশের অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ফরমের মূল্য খুলনা বিশ্ববিদ্যালয়ের মতো বেশি নয়। ভর্তি ফরমের মূল্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২৫০, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৯০, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৫০, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪শ', চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৩শ', জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২৫০, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৫০, মওলানা ভাসানী বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩শ', পটুয়াখালী বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪শ' টাকা, সেখানে খুলনা বিশ্ববিদ্যালয়ে একটি ফরম কিনতে লাগে ৬শ' টাকা।